


Rq evsj v

Rq e½eÜz



e½eÜz Cwi l` At-ñjj qv Bangabandhu Society of Australia

Reg. No. Y2650818 ABN: 24508194656 Charity Reg: CFN17511
Address: 20 First Ave, Macquarie Fields , NSW 2564

President:

Mr Abdul Jalil

t: 9618 6131(H) 0400 344 754(M)

Email: jalila1@optusnet.com.au

General Secretary:

Mr Gausul Alam

t: 9750 5205 (H) 0413 088 479 (M)

অবিস্মরণীয় ঐতিহাসিক বিজয় - মহাজোটকে অভিনন্দন

বাংলাদেশের গতকালকের জাতীয় নির্বাচনে অভাবনীয় ঐতিহাসিক বিজয় অর্জনের জন্য আমরা বাংলাদেশ আওয়ামী লীগ ও মহাজোটকে জানাই রক্তিম অভিনন্দন ও শুভেচ্ছা। সেই সাথে বাংলাদেশের সকল নাগরিকদেরকে আগামী দিনের বাংলাদেশের কাঞ্চিত দিনবদলের পক্ষে নিরঙ্কুশ সমর্থন দানের জন্য আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। তত্ত্বাবধায়ক সরকার, নির্বাচন কমিশন ও আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকেও একটি শান্তিপূর্ণ, সুষ্ঠ, নিরপেক্ষ ও সকলের কাছে গ্রহণযোগ্য নির্বাচন জাতিকে উপহার দেওয়ের জন্য অশেষ শাধুবাদ জানাই।

আমরা আওয়ামী লীগ ও মহাজোট নেতৃী বঙ্গবন্ধু কন্যা জননেতৃী শেখ হাসিনা সহ সকল নেতৃবৃন্দকে আমাদের প্রানচালা অভিনন্দনের পাশাপাশি এটিও বিনীতভাবে বলতে চাই যে আওয়ামী লীগের নির্বাচনী ইশতেহার এখন আর আওয়ামী লীগ বা মহাজোটের সনদ নয়, এটি এখন সারা বাংলাদেশের দিনবদলের সনদ এবং জনগনের সম্পদ। এই সনদ বাস্তবায়ন এখন মহাজোট সরকারের নৈতিক এবং অবশ্যঃকরনীয় দায়িত্ব। জনগনের বিশাল ম্যানডেটের অধিকারী এই সরকারের এর ব্যর্তয় ঘটানোর কোন অবকাশ নাই। তাই আমরা জননেতৃীকে ফুলেল শুভেচ্ছার সাথে সাথে এও আহবান জানাচ্ছি যে আপনার নেতৃত্বাধীন আগামী সরকার যেন অতিদ্রুত সুশাসন প্রতিষ্ঠা, দ্রব্যমূল্য সাধারণ মানুষের সহনীয় পর্যায়ে নামিয়ে আনা এবং যুদ্ধাপরাধীদের বিচারের পদক্ষেপ গ্রহণ করে। এটির বাস্তবায়ন এখন যেমন সকল বাংলাদেশীর অধিকার তেমনি সকল প্রবাসী বাংলাদেশীদেরও প্রানের দাবী।

আব্দুল জলিল
সভাপতি

গাউচুল আলম
সাধারণ সম্পাদক